

বহিষ্কারের প্রতিবাদে ছাত্রলীগের মানববন্ধন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) শাখা ছাত্রলীগ সভাপতি সৃষ্টিজ্যোতি টিকাদার ও সাধারণ সম্পাদক আবু সাঈদ কনককে বহিষ্কারের প্রতিবাদ জানিয়ে মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের অপরাহ্নে বাংলার সামনে মানববন্ধন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ।

মানববন্ধনে সংগঠনের ঢাবি শাখার সভাপতি মেহেদী হাসান মোল্লার সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ওমর শরীফের পরিচালনায় বক্তব্য দেন-কেন্দ্রীয় সভাপতি এইচএম, বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম।

এইচএম বদিউজ্জামান সোহাগ বলেন, বুয়েটের শিক্ষক সমিতি শিক্ষকদের অধিকার নিয়ে সোচ্চার হওয়ার পরিবর্তে জামায়াত-শিবির জঙ্গীগোষ্ঠীর পৃষ্ঠপোষকতা করছে। এ কারণে বুয়েট আজ স্বাধীনতা বিরোধীদের অভ্যায়রণ্যে পরিণত হয়েছে। তারা সেখানে জামায়াত-শিবিরের জঙ্গিবাদী কর্মকাণ্ডের বিস্তারের ক্ষেত্রে প্রত্যক্ষভাবে ভূমিকা রাখছে।